

এই মূলনীতিগুলির মধ্যদিয়েও সদস্য/সদস্যগণ তাদের প্রাত্যেহিক জীবন উন্নয়নে এবং ঈশ্বরের উপর নির্ভরশীল হতে সাহায্য করে।

উপসংহার : ক্রেডিট ইউনিয়নের মাধ্যমে সমবায়ী চিন্তাচেতনা ও ভাবনা এর চালিকা শক্তি। সমমনা সদস্যগণ একত্রে পারস্পারিক সহযোগিতার মাধ্যমে সমাজ, মন্ডলী ও রাষ্ট্র গঠনে সক্রিয় হয়ে উঠে। ক্রেডিট ইউনিয়নের মূলনীতির প্রকাশ ভ্রাতৃত্ববোধ সক্রিয় রেখে মানব উন্নয়নে সক্রিয় ভূমিকা পালনের মাধ্যমে নিজেদের ও সমাজের সকল স্তরের মানুষকে উন্নত জীবন উপহার দেয়া। আমরা সহজেই বলতে পারি ক্রেডিট ইউনিয়ন গড়ার স্বপ্নই ছিল নতুন সমাজ গড়া, নিজেদের জীবন নিজেরা গড়বে, নিজেদের উন্নয়নে সক্রিয় হবে, আর্থ-সামাজিক উন্নয়ন ঘটবে, মানুষের মাধ্যে একতার ও মিলনের সদ্ভাব সৃষ্টি হবে। খ্রীষ্ট বিশ্বাসীদের জীবন-মান উন্নত হবে। ঠিক যেভাবে আদি-মন্ডলী নিজেদের সম্পদ নিজেদের প্রয়োজনে ব্যবহার করতে পারত। ক্রেডিট ইউনিয়ন যেন আদি মন্ডলীরই একটি বাস্তব বর্তমান চিত্র। এসো, আমরা এই প্রতিষ্ঠানটির সেবার আদর্শে বেড়ে উঠি।

তথ্যসূত্র: গমেজ, লিটন, এইচ. সিএসসি, “ক্রেডিট ইউনিয়নের দর্শন: মুনাফা অর্জন অথবা দয়া-দাক্ষিণ্য নয় বরং সর্বোচ্চ আর্থিক সেবা প্রদান”, সাপ্তাহিক প্রতিবেশী, সংখ্যা ৩৫ ও ৩৭, বর্ষ ৬৯, ঢাকা: জেরী প্রিন্টিং, ২০০৯।

**সঞ্চয় করুন
নিজে সমৃদ্ধ হোন
দেশকে সমৃদ্ধ করুন**

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ